



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/ ৪৬ /ব্রাহ্মণবাড়িয়া- ৫৫

তারিখ: ০৬.০৬.২০২০খ্রি.

বিষয়: ০৩/০২/২০২০ তারিখে অনুষ্ঠিত দাখিল পরীক্ষায় ০৫ (পাঁচ) জন শিক্ষকের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে

সূত্র: (১) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৮৫.৬১.০১৮.২০১৭-৬০; তারিখ: ১০/০২/২০২০ খ্রি.

(২) ইউএনও, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া এর স্মারক নং-০৫.৪২.১২৩৩.০০১.২৮.০০২.২০-৯০; তারিখ: ০৩/০২/২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ব্রাহ্মণবাড়িয়া জেলার সদর উপজেলাধীন আশুগঞ্জ সার কারখানা স্কুল অ্যান্ড কলেজ ভেন্যুতে গত ০৩/০২/২০২০ খ্রি. তারিখে অনুষ্ঠিত দাখিল পরীক্ষা কেন্দ্রে নিম্নবর্ণিত ০৫ জন শিক্ষক কর্তৃক কোরআন মাজিদ ও তাজভিদ বিষয়ের MCQ প্রশ্নপত্রের সমাধান সরবরাহকালে উপজেলা নির্বাহী অফিসার, সদর, ব্রাহ্মণবাড়িয়া হাতেনাতে ধরেন এবং অভিযোগকৃত শিক্ষকগণকে জিজ্ঞাসাবাদে বর্ণিত অপরাধের সাথে তাঁদের সম্পৃক্ততা স্বীকার করেন মর্মে জানানো হয়।

অভিযুক্ত শিক্ষকগণের তালিকা নিম্নরূপ:

ক্র:নং	নাম	পদবী	প্রতিষ্ঠানের নাম
১.	মো: কবির হোসেন	প্রভাষক (আরবি)	তালশহর কারিমিয়া ফাজিল মাদ্রাসা
২.	মো: মাজহারুল ইসলাম	সহ: সুপার	চর চারতলা ইসলামিয়া আলিম মাদ্রাসা
৩.	মো: শফিকুল ইসলাম	সহ: মৌলভী	চর চারতলা ইসলামিয়া আলিম মাদ্রাসা
৪.	মো: মহিউদ্দিন	সহ: সুপার	খোলাপাড়া উমেদ আলী শাহ দাখিল মাদ্রাসা
৫.	মো: আব্বাস উদ্দিন	সহ: সুপার	পানিশ্বর মাদিনিয়া গাউছিয়া দাখিল মাদ্রাসা

বর্ণিতব্যবস্থায়, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ (২০১২ পর্যন্ত সংশোধিত) এর ৪১(ঘ)(২) উপানুচ্ছেদের বিধানের আলোকে দন্ডপ্রাপ্ত ০৫ (পাঁচ) জন শিক্ষককে সাময়িকভাবে বরখাস্তকরণসহ বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটিকে গৃহিত ব্যবস্থা বোর্ডকে অবহিত করা জন্যও নির্দেশ প্রদান করা হলো।

বিষয়টি অতীব জরুরি।


০২.০৬.২০২০

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

প্রাপক:

- সভাপতি/অধ্যক্ষ, তালশহর কারিমিয়া ফাজিল মাদ্রাসা, তালশহর, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া;
- সভাপতি/অধ্যক্ষ, চর চারতলা ইসলামিয়া আলিম মাদ্রাসা, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া;
- সভাপতি/সুপার, খোলাপাড়া উমেদ আলী শাহ দাখিল মাদ্রাসা, তারুয়া, সদর, ব্রাহ্মণবাড়িয়া;
- সভাপতি/সুপার, পানিশ্বর মাদিনিয়া গাউছিয়া দাখিল মাদ্রাসা, শাখাইতি, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া।


বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ৯৬১২৮৫৮
০২.০৬.২০২০

নং-বামাশিবো/প্রশাসন/ ৪৬ /ব্রাহ্মণবাড়িয়া- ৫৫

তারিখ: ০৬.০৬.২০২০খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া;
- জেলা শিক্ষা অফিসার, ব্রাহ্মণবাড়িয়া;
- উপজেলা নির্বাহী অফিসার, সদর, আশুগঞ্জ ও সরাইল, ব্রাহ্মণবাড়িয়া;
- পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
- অফিস কপি।


০২.০৬.২০২০

মোঃ ওমর ফারুক
উপ রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ৯৬৭৪৮৭৪
০২.০৬.২০২০